# হাদীস সম্ভার

## হাদিস নাম্বারঃ ২৯৪৩

২৭/ আদব

পরিচ্ছেদঃ কথাবার্তার আদব বাক সংযমের নির্দেশ ও গুরুত্ব

### আরবী

عَنِ الْبَرَاءِ بْنِ عَازِبٍ قَالَ جَاءَ أَعْرَابِيٌّ إِلَى النَّبِيِّ ﷺ فَقَالَ يَا رَسُوْلَ اللهِ عَلِّمْنِي عَمَلًا يُدْخِلُنِي الْجَنَّةَ فَقَالَ لَئِنْ كُنْتَ أَقْصَرْتَ الْخُطْبَةَ لَقَدْ أَعْرَضْتَ الْمَسْأَلَةَ أَعْتِقِ النَّسَمَةَ وَفُكَّ الرَّقَبَةَ فَقَالَ يَا رَسُوْلَ اللهِ أَوَلَيْسَتَا بِوَاحِدَةٍ؟ قَالَ لَا إِنَّ عِتْقَ النَّسَمَةِ أَنْ تَفَرَّدَ بِعِتْقِهَا وَفَكَّ الرَّقَبَةِ أَنْ تُعِينَ فِي عِتْقِهَا وَالْمِنْحَةُ الْوَكُوفُ وَالْفَيْءُ عَلَى ذِي الرَّحِمِ الظَّالِمِ فَإِنْ لَمْ تُطِقْ ذٰلِكَ فَأَطْعِمْ الْجَائِعَ وَاسْقِ الظَّمْآنَ وَأْمُرْ بِالْمَعْرُوفِ وَانْهَ عَنِ الْمُنْكَرِ فَإِنْ لَمْ تُطِقْ ذٰلِكَ فَكُفَّ لِسَانَكَ إِلَّا مِنَ الْخَيْرِ إسناده صحيح رجاله ثقات

### বাংলা

(২৯৪৩) বারা’ বিন আযেব (রাঃ) বলেন, এক বেদুঈন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বলল, ’হে আল্লাহর রসূল! আমাকে এমন একটি আমল শিখিয়ে দিন, যা আমাকে জান্নাতে প্রবেশ করাবে।’ তিনি বললেন, তোমার বক্তব্য ছোট, কিন্তু সমস্যা বেশ বড়। তুমি প্রাণ মুক্ত কর, ক্রীতদাস স্বাধীন কর। সে বলল, ’হে আল্লাহর রসূল! এ দুটি কি একই কাজ নয়?’ তিনি বললেন, না। প্রাণ মুক্ত কেবল তুমি একা করবে। আর ক্রীতদাস স্বাধীন করাতে তুমি অন্যের সহযোগিতা করবে। অত্যাচারী নিকটাত্মীয়কে পর্যাপ্ত দুধের গাভী ও নির্ধারিত অর্থ দান (কর)। যদি তাতে তুমি সক্ষম না হও, তাহলে ক্ষুধার্তকে অন্ন দান কর, পিপাসার্তকে পানি পান করাও, সৎকর্মে আদেশ দাও এবং মন্দ কর্মে বাধা দান কর। যদি তাও না পার, তাহলে ভালো ছাড়া অন্য কথা থেকে নিজ জিহবাকে সংযত রাখ।

### ফুটনোট

(আহমাদ ১৮৬৭০, ইবনে হিব্বান ৩৭৪, বাইহাকী ২১৮৪৭, সহীহ সনদে)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=66691

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন